

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৪৬৫(আগরতলা, ০৮।০৯)
কুমারঘাট, কৈলাসহর, ০৮ সেপ্টেম্বর, ২০২০

**কোভিড-১৯ : উনকোটি জেলা সফরে পর্যালোচনা সভায় মুখ্যমন্ত্রী
পরিস্থিতি মোকাবেলায় জেলা প্রশাসন ও স্বাস্থ্য দপ্তরকে
চিকিৎসা পরিষেবা আরও বেশি নজরদারি রাখতে হবে**

কভিড-১৯ মোকাবেলায় জেলা প্রশাসন ও স্বাস্থ্য দপ্তরকে আরও বেশি নজরদারি রাখার পাশাপাশি জেলার হাসপাতালগুলি ও কোভিড কেয়ার সেন্টার পরিষ্কার পরিচ্ছন্ন রাখা, করোনা রোগীরা এই সেন্টারগুলিতে সঠিক ভাবে স্বাস্থ্য পরিষেবা পাচ্ছেন কিনা, রোগীদের খাবার দাবার সঠিক ভাবে মিলছে কিনা সে বিষয়ে নজর দিতে হবে। আজ উনকোটি জেলা সফরে এসে কুমারঘাটে পূর্ত দপ্তরের কনফারেন্স হলে কোভিড-১৯ নিয়ে জেলা প্রশাসন ও স্বাস্থ্য দপ্তরের আধিকারিকদের সাথে পর্যালোচনা সভায় মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব একথা বলেন। পর্যালোচনা সভায় মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব ছাড়াও উপস্থিত ছিলেন সমাজকল্যাণ ও সমাজশিক্ষা মন্ত্রী সান্ত্বনা চাকমা, উনকোটি জিলা পরিষদের সভাপতি অমলেন্দু দাস, মুখ্যমন্ত্রীর বিশেষ সচিব ডা. প্রশান্ত কুমার গোয়েল, জেলাশাসক তাপস রায়, অতিরিক্ত জেলাশাসক সৌমিত্র চাকমা, পুলিশ সুপার রতিরঞ্জন দেবনাথ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের অধিকর্তা শুভাশিষ দেববর্মা, সি এম ও শরদিন্দু রিয়াং, কৈলাসহর মহকুমার শাসক শান্তিরঞ্জন চাকমা, কুমারঘাট মহকুমার শাসক সন্দীপ চক্রবর্তী প্রমুখ।

সভায় জেলাশাসক তাপস রায় বলেন, জেলায় এখন পর্যন্ত মোট অ্যান্টিজেন টেস্ট করা হয়েছে ৮,৫৮৩ জনকে। তার মধ্যে পজেটিভ এসেছে ৪৯৭ জনের। মোট আর টি পি সি আর টেস্ট করা হয়েছে ৮,৯৫৯ জনের, পজেটিভ এসেছে ৩২৬ জনের। এখন পর্যন্ত উনকোটি জেলায় করোনা পজেটিভ হয়েছেন ৯১৭ জন। তার মধ্যে ৯৪ জন জেলার বাইরে টেস্ট করে পজেটিভ হয়েছেন। জেলাশাসক আরও জানান, কুমারঘাটে পঞ্চায়েত রাজ ট্রেনিং ইনস্টিটিউটের উনকোটি জেলা কোভিড কেয়ার সেন্টারে এখন পর্যন্ত ৩০৩ জন করোনা রোগী ভর্তি হয়েছেন। সুস্থ হয়ে বাড়ি ফিরেছেন ২৪০ জন। ৯ জনকে উন্নত চিকিৎসার জন্য আগরতলায় রেফার করা হয়েছে। জেলায় হোম আইসোলেশনে ছিলেন ৫২১ জন। তাদের মধ্যে পজেটিভ ছিলেন ৪১৭ জন। এখন পর্যন্ত হোম আইসোলেশন থেকে বেড়িয়ে এসেছেন ১০২ জন। প্রসঙ্গক্রমে সভায় সি এম ও শরদিন্দু রিয়াং জানিয়েছেন উনকোটি জেলা কোভিড কেয়ার সেন্টারে বর্তমানে ৪৪ জন করোনা রোগী রয়েছেন। জেলায় এ পর্যন্ত করোনা আক্রান্ত হয়ে মৃত্যু হয়েছে ৩ জনের। পর্যালোচনা সভায় মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব জেলায় করোনা আক্রান্ত রোগীদের চিকিৎসার জন্য পর্যাপ্ত পরিমাণ ঔষধ, অক্সিজেন, অক্সিমিটার যন্ত্র ইত্যাদি রয়েছে কিনা সে বিষয়ে খোঁজ নেন।

মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব বলেন, কোভিড মোকাবেলায় জেলা হেল্প লাইন কল সেন্টারকে সক্রিয় রাখতে সবচেয়ে গুরুত্ব দিতে হবে। জেনে নিতে হবে যারা ফোন করছেন সংশ্লিষ্ট সেই রোগীর শ্বাস কষ্ট রয়েছে কিনা, জ্বর আছে কিনা বা অন্য কোন উপসর্গ রয়েছে কিনা। সাথে সাথেই সমস্যাগুলি উপযুক্ত কর্তৃপক্ষের কাছে পাঠাতে হবে, যাতে দ্রুততার সাথে কার্যকর পদক্ষেপ নেওয়া যায়।

*****২য় পাতায়